

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৬১

পরিচ্ছেদঃ ৪৪. সূর্যগ্রহণের নামায (সালাতুল কুসূফ)

باب مَا جَاءَ فِي صَلاَةِ الْكُسُوفِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي الشَّوَارِبِ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرِيْعٍ، حَدَّثَنَا مَعْمَرٌ، عَنِ الزُهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةً، أَنَّهَا قَالَتْ خَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِالنَّاسِ فَأَطَالَ الْقِرَاءَةَ ثُمَّ رَكَعَ الله عليه وسلم بِالنَّاسِ فَأَطَالَ الْقِرَاءَةَ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقِرَاءَةَ وَهِيَ دُونَ الأُولَى ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُوَ دُونَ الأُولَى ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُو وَهُو وَهُو اللَّوْلِ وَلَمْ رَكَعَ وَأَطَالَ الرُّكُوعَ وَهُو وَهُوَ دُونَ الأُولَى ثُمَّ رَكَعَ وَأَطْالَ الرُّكُوعَ وَهُولَ السَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ يَرَوْنَ وَهُوَ دُونَ الأُولَى وَمَدُوا مِنْ صَحِيحٌ . وَيَهِذَا الْحَدِيثَ يَقُولُ الشَّافِعِيُّ وَقَرَأُ فِي الرَّكُوعَ الأُولَى صَلاَةَ الْكُسُوفِ أَرْبَعَ رَكَعَاتِ فِي أَرْبَعِ سَجَدَاتِ . قَالَ الشَّافِعِيُّ يَقْرَأُ فِي الرَّكُوعَ الأُولَى صَلاَةَ الْكُسُوفِ أَرْبَعَ رَكَعَاتِ فِي أَرْبَعِ سَجَدَاتٍ . قَالَ الشَّافِعِيُّ يَقْرَأُ فِي الرَّكُوعَ الأُولَى صَلاَةَ الْكُسُوفِ أَرْبَعَ رَكَعَاتِ فِي أَرْبَعِ سَجَدَاتٍ . قَالَ الشَّافِعِيُّ يَقْرَأُ فِي الرَّكُوعَ الْأُولَى مَنْ اللَّهُ إِللَّهُ الْقُرْآنِ وَنَحْوًا مِنْ سُورَةِ الْبَقَرَةِ سِرَّا إِنْ كَانَ بِالنَّهَارِ ثُمَّ رَكُعَ رُكُوعًا طَوِيلاً نَحْوًا مِنْ الْ عَمْرَانَ ثُمَّ رَفَعَ رَأُسُهُ ثُمَّ قَالَ " سَمِعَ اللَّهُ لِمَنْ عَمْرَا أَنْ وَنَحُوا مِنْ سُورَةِ الْمَائِدَةِ ثُمَّ رَكُعَ رُكُوعًا طَوِيلاً نَحْوًا مِنْ قَرَاءَتِهِ ثُمَّ رَأُسَهُ ثُمَّ الْمَائِدَةِ ثُمَّ رَكُعَ رُكُوعًا طَوِيلاً نَحْوًا مِنْ سُورَةِ النِسَاءِ ثُمَّ رَكُعَ رُكُوعًا طَويلاً نَحْوًا مِنْ قَرَاءَتِهِ ثُمَّ مُرَعُوا مِنْ قَرَاءَتِهِ ثُمَّ مَلَكُو اللَّهُ الْمَالِدَ وَتُحَوَّا مِنْ قَرَاءَتِهِ ثُمَّ مَلَكُو اللَّهُ الْفُولُ الْمَائِدَةِ ثُمَّ رَكُعَ رُكُوعًا طَويلاً نَحْوًا مِنْ قَرَاءَتِهِ ثُمَّ الْمَائِدَةِ ثُمَّ رَكُعَ رُكُوعًا طَويلاً نَحْوًا مِنْ قَرَاعَةً مَا اللَّهُ الْمَائِدَةِ ثُمَّ مَرُكُوعًا طَويلا نَحُوا مَنْ اللَّهُ الْمَائِدَةُ اللَّهُ الْمَائِونَ فَعَوَالَ " سَم

বাংলা

৫৬১। আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে সূর্যগ্রহণ হল। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে (জামা'আতে) নামায আদায় করলেন। তিনি অধিক সময় ধরে কিরাআত পাঠ করলেন, তারপর রুকু করলেন এবং দীর্ঘসময় রুকূতে থাকলেন, তারপর মাথা তুললেন



(রুকৃ' হতে উঠলেন)। তিনি আবার দীর্ঘ কিরা'আত পাঠ করলেন কিন্তু প্রথমবারের চেয়ে কম লম্বা করলেন, তারপর রুকৃতে গেলেন এবং দীর্ঘ সময় রুকৃতে থাকলেন, কিন্তু আগের চেয়ে সংক্ষেপে করলেন। তারপর তিনি রুকৃ থেকে মাথা তুলে সিজদাতে গেলেন। তিনি দ্বিতীয় রাক'আতও উল্লেখিত পদ্ধতিতে আদায় করলেন। —সহীহ। সহীহ আবু দাউদ- (১০৭১), বুখারী ও মুসলিম।

আবু ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান সহীহ্! এ হাদীসের পরিপ্রেক্ষিতে ইমাম শাফিঈ, আহমাদ ও ইসহাক বলেছেন, সূর্যগ্রহণের নামায চার রুকু ও চার সিজদায় আদায় করবে। শাফিঈ আরো বলেছেন, প্রথম রাকাআতে সূরা ফাতিহার পর সূরা আল-বাকারার মতো যে কোন লম্বা সূরা পাঠ করবে। দিনে হলে নীরবে কিরা'আত পাঠ করবে। তারপর রুকুতে গিয়ে কিরা'আত পাঠের পরিমাণ সময় রুকুতে থাকবে। তারপর আল্লাহু আকবার বলে মাথা তুলে দাড়াবে এবং সূরা ফাতিহার পর সূরা আলে-ইমরানের মতো লম্বা সূরা পাঠ করবে। তারপর রুকৃতে গিয়ে কিরা'আত পাঠের পরিমাণ সময় রুকৃতে থাকবে। তারপর সামিআল্লাহু লিমান হামিদাহ' বলে মাথা তুলবে। তারপর দুটি পূর্ণাঙ্গ সিজদা করবে এবং প্রত্যেক সিজদাতে রুকুর পরিমাণ সময় থাকবে।

অতঃপর দাড়িয়ে সূরা ফাতিহার পর সূরা আন-নিসার মতো লম্বা সূরা পাঠ করবে, তারপর কিরাআতের মতো লম্বা রুকু করবে। তারপর আল্লাহু আকবার বলে মাথা তুলে দাড়াবে। তারপর সূরা মায়িদার মতো লম্বা সূরা পাঠ করবে, রুকুও কিরাআতের মতো লম্বা করবে। অতঃপর মাথা তুলবে এবং সামিআল্লাহু লিমান হামিদাহ বলবে। অতঃপর দুটি সিজদা করে, তাশাহহুদ পাঠ করে সালাম ফিরিয়ে নামায সমাপ্ত করবে।

English

Aishah narrated:

"The sun was eclipsed during the time of the Messenger of Allah, so the Messenger of Allah led the people in prayer. He recited a lengthy recitation, then he bowed a lengthy bowing, then he raised his head and recited a lengthy recitation that was less than the first. Then he bowed a lengthy bowing that was less than the first. Then he raised his head and prostrated. Then he did (similar to) that in the second Rak'ah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন